মুজিবনগরে ছাগলে ঘাস খাওয়াকে কেন্দ্র করে মহিলাকে মারধর

মুজিবনগরের বল্লভপুরে গতকাল শুক্রবার রাস্তার পাশের ঘাস ছাগলে খাওয়াকে কেন্দ্র করে বল্লভপুর খ্রিস্টান সম্প্রদায়ের মহিলাকে মারধরের অভিযোগ উঠেছে বাগোয়ান গ্রামের মোল্লা পাড়ার সুরুন মোল্লার ছেলে মফি মোল্লার বিরুদ্ধে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে গতকাল শুক্রবার সকাল ১১ টার দিকে কেদারগঞ্জ আটকবর সড়কের বল্লভপুর পলি মাঠে প্রধান সড়কের পাশে সরকারি রাস্তার জমিতে অবৈধভাবে লাগানো ঘাস বল্লভপুর গ্রামের শুকু মন্ডলের স্ত্রী টুম্পা মন্ডল ছাগল চরানোর সময় তার ছাগলে ঘাস খেয়েছে এমন অভিযোগ করে টুম্পা মন্ডলকে অকথ্য ভাষায় গালিগালাজ এবং চুল চেপে ধরে মাটিতে ফেলে কিল ঘুষি মারে এবং ধারালো হাসোয়ার (হেঁসো) উল্টা পিঠ দিয়ে আঘাত করে আহত করে।

আহত টুম্পা মন্ডল স্থানীয় কয়েকজনের কাছে সহযোগিতা চেয়ে না পেয়ে লজ্জায় ক্ষোভে আজ শনিবার সকাল ৯ টার সময় বল্লভপুর মিরে গাড়ির মাঠে সাত্তার এর পুকুর পাড়ের ভুট্টা ক্ষেতে ঘাসমারা বিষ খেয়ে আত্মহত্যা করতে গেলে স্থানীয় কৃষক বাগোয়ান গ্রামের ইন্দু দেখেতে পেয়ে তাকে উদ্ধার করে।

এ বিষয়ে শনিবার থানায় একটি অভিযোগ দায়ের করেছে ভুক্তভোগী।

এ বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) উজ্বল দত্ত জানান,মারধরের বিষয়ে একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত করে ব্যবস্থা গ্রহন করা হবে।